



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য অধিদপ্তর  
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, শেরপুর।



নম্বর: ১৩.০২.৮৯০০.০০০.৫৭.০০৬.১৯.৪৬৫

তারিখ: ৯ আষাঢ়. ১৪২৯

২৩ জুন ২০২২

অফিস আদেশ

খাদ্য অধিদপ্তরের বন্টন শাখার ২১/০৬/২০২২ খ্রি. তারিখের ৫৩৬ নং স্মারকের নির্দেশনা মোতাবেক শেরপুর জেলা সদরে ওএমএস ডিলারের মাধ্যমে আটা বিক্রির লক্ষ্যে সর্বশেষ অত্র দপ্তরের ১২/০৫/২০২২ খ্রি. তারিখের ৩৭৯ নং উপ-বরাদ্দের মেসার্স সূচী ফ্লাওয়ার মিলস্ এর নিকট প্রাপ্য পেয়াইকৃত আটা হতে ডিলার প্রতি দৈনিক ০.৫০০ মে.টন হারে সংশ্লিষ্ট ৪ জন ওএমএস ডিলারের মাধ্যমে ৬ মে.টন আটা নীতিমালার আলোকে বিক্রির জন্য নিম্নোক্তভাবে বরাদ্দ প্রদান করা হলো।

ওএমএস ডিলারগণ মেসার্স সূচী ফ্লাওয়ার মিলস্ হতে প্রতি কেজি ১৬/- (ষোল) টাকা দরে বরাদ্দকৃত পরিমাণ আটা ক্যাশ মেমোর মাধ্যমে উত্তোলন করবেন এবং বিক্রির নির্ধারিত তারিখে জন প্রতি সর্বোচ্চ ০৩ (তিন) কেজি হারে প্রতি কেজি ১৮/- (আঠার) টাকা দরে (ডিলার প্রতি দৈনিক সর্বোচ্চ ০.৫০০ মে.টন বা ৫০০ কেজি) আটা বিক্রয় করবেন।

নং	ওএমএস ডিলারের নাম, দোকানের অবস্থান ও মোবাইল নাম্বার	তদারকী কর্মকর্তার নাম	আটা বরাদ্দের পরিমাণ (মে.টন)	বিক্রির তারিখ
১।	জনাব মোঃ আব্দুল হাকিম সুরজ, নবীনগর বাজার, ০১৭১৩৫০৩২৩১	জনাব মোঃ ইদ্রিস আলী অফিস সহকারী কাম-কম্পি: মুদ্রা:	১.৫০০	২৫/০৬/২২
২।	জনাব হারুন অর রশিদ, হাসপাতাল রোড, নারায়ণপুর, ০১৭১৮১৬০৪৩৮	জনাব মোঃ শাহ আলম সহকারী উপ-খাদ্য পরিদর্শক	১.৫০০	(শনিবার) ২৬/০৬/২২
৩।	জনাব মোঃ সাদিকুর রহমান, চকপাঠক, ০১৭১১১২৯৮৫২	জনাব মোঃ জিন্নাত আলী নিরাপত্তা প্রহরী	১.৫০০	(রবিবার) ২৭/০৬/২২
৪।	জনাব মোঃ শাহজালাল, সজবরখিলা, ০১৯২৫৩০৫৪১০	জনাব মোঃ আতাউর রহমান খান উপ-খাদ্য পরিদর্শক	১.৫০০	(সোমবার)
মোট =			৬.০০০	

শর্তাবলী:

১। খাদ্য অধিদপ্তরের বন্টন শাখার ১১/০৬/২০২২ খ্রি. তারিখের ৫০৭ নং স্মারকের নির্দেশনা মোতাবেক এনআইডি কার্ড প্রদর্শন ও ডিলারের নিকট ফটোকপি জমা দিয়ে একজন ভোক্তা একদিন অন্তর সর্বোচ্চ ৩ (তিন) কেজি আটা ক্রয় করতে পারবেন।

২। করোনা ভাইরাস সংক্রমণ এড়ানোর লক্ষ্যে অত্র দপ্তরের ১৪/০৪/২০২১ খ্রি. তারিখের ৩১৫ নং স্মারকের নির্দেশনা কঠোরভাবে মেনে চলতে হবে। ব্যর্থতায় আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।


৩। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, ময়মনসিংহ এর ২০/১২/২০২১ খ্রি. তারিখের ১২৬৯ নং স্মারকের নির্দেশনা মোতাবেক সংশ্লিষ্ট ফ্লাওয়ার মিলার ফলিত আটা শেরপুর এলএসডি-১ এ সরবরাহপূর্বক পাকা রশিদ প্রদানের মাধ্যমে ওএমএস ডিলারের নিকট সরবরাহ করবেন এবং সংরক্ষণ ও চলাচল কর্মকর্তা, শেরপুর এলএসডি-১ আলাদা রেজিস্টারে সকল হিসাব লিপিবদ্ধ করবেন।

৪। ডিলারগণকে বরাদ্দ আদেশের সমুদয় আটা একসাথে উত্তোলন করতে হবে।

৫। তদারকী কর্মকর্তা দিনের বিক্রয়যোগ্য আটা ও চালের পরিমাণ যাচাইপূর্বক সন্তুষ্ট হয়ে বিক্রয় আদেশ দেয়ার পূর্বে বিক্রয় শুরু করা যাবে না।

৬। দিনের বিক্রয় শেষে তদারকী কর্মকর্তা বিক্রিত পণ্যের মাস্টাররোল ও মজুত যাচাই করে রেজিস্টারে স্বাক্ষর করবেন।

৭। ওএমএস দোকান তদারকীকালেন কোন অনিয়ম পরিলক্ষিত হলে তাৎক্ষণিক নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করবেন।



২৩-৬-২০২২

মোঃ আল-ওয়াজিউর রহমান

জেলা খাদ্য নিয়ন্ত্রক

ফোন: ০৯৩১-৬১৩৪৮

ইমেইল:


dcf.spr@dgfood.gov.bd

নম্বর: ১৩.০২.৮৯০০.০০০.৫৭.০০৬.১৯.৪৬৫/১(১১)

তারিখ: ৯ আষাঢ় ১৪২৯  
২৩ জুন ২০২২

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, শেরপুর
- ২) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ
- ৩) পুলিশ সুপার, শেরপুর
- ৪) উপজেলা নির্বাহী অফিসার, শেরপুর সদর, শেরপুর
- ৫) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, শেরপুর সদর, শেরপুর
- ৬) সংরক্ষণ ও চলাচল কর্মকর্তা, শেরপুর এলএসডি-১, শেরপুর- আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, ময়মনসিংহ এর ২০/১২/২০২১ খ্রি. তারিখের ১২৬৯ নং স্মারকের নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করার জন্য বলা হলো
- ৭) জনাব মোঃ মাহবুবুর রহমান, খাদ্য পরিদর্শক, অত্র দপ্তর, শেরপুর।
- ৮) তদারকী কর্মকর্তা (সকল), .....
- ৯) মেসার্স সূচি ফ্লাওয়ার মিলস্, প্রোঃ বিপ্লব প্রসাদ কানু, বিসিক শিল্পনগরী, শেরপুর সদর, শেরপুর-আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, ময়মনসিংহ এর ২০/১২/২০২১ খ্রি. তারিখের ১২৬৯ নং স্মারকের নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করার জন্য বলা হলো
- ১০) ওএমএস ডিলার (সকল), .....
- ১১) অফিস কপি, অত্র দপ্তর, শেরপুর



২৩-৬-২০২২

মোঃ আল-ওয়াজিউর রহমান

জেলা খাদ্য নিয়ন্ত্রক